

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩.অংশ-৩. ৩৪২

তারিখঃ ২৬/০১/২০১৭ খ্রিঃ


বিষয়ঃ শিক্ষক সংকট থাকায় শিক্ষার্থীদের নিকট হতে ভর্তির সময় অতিথি শিক্ষক/অত্যাবশ্যকীয় ও রিবিধ খাতে টাকা বৃদ্ধি প্রসঙ্গে।


সূত্র : ক) বান্দরবান টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি/বা-বান/অধিদপ্তর-৪৬/২০১৬/৩৮১ তারিখ: ১১/১২/২০১৬ খ্রিঃ।  
খ) শরীয়তপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি/শরী/৮০৪ তারিখ: ২০/১২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, বান্দরবান ও শরীয়তপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে অতিথি শিক্ষক নিয়োগের নিমিত্ত অত্যাবশ্যকীয় শিক্ষক/কর্মচারীর সার্টিফিকেট লেভেলে ডিপ্লোমা লেভেলের ন্যায় ছাত্র-ছাত্রীদের মাথাপিছু ৩৭৫/- (তিনশত পঁচাত্তর) টাকায় উন্নীত করার জন্য প্রস্তাব পাওয়া যায়।

- ২। ইতঃমধ্যে প্রতিষ্ঠানে শিক্ষক স্বল্পতার বিষয়টি বিবেচনা পূর্বক অতিথি শিক্ষক নিয়োগের বিষয়ে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- ৩। এমতাবস্থায়, প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তির সময়ে অত্যাবশ্যকীয় শিক্ষক কর্মচারী ফি আদায়ের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫ তারিখ: ৬ জুলাই, ২০১৪ খ্রিঃ এর জারীকৃত পরিপত্র যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ৪। এ আদেশ জারীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্ত : শিক্ষা মন্ত্রণালয়ের জারীকৃত পরিপত্র।

  
(মোঃ জহুরুল ইসলাম)  
সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  


প্রাপক : অধ্যক্ষ  
বান্দরবান/ শরীয়তপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ  
বান্দরবান/ শরীয়তপুর।

অনুলিপি :

০১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।